কোটেশন দাখিলপত্র

প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন

আরএফকিউ নং-৩৩.০২.০০০০.৩০৫.৫০.০০২.১৫-৭২ তারিখঃ ২২/০২/২০২৩ খ্রি.

প্রতি

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর,

সিলেট বিভাগ, সিলেট।

আমি/ আমরা, নিম্নস্বাক্ষরকারী, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট-এর সীমানা প্রাচীর (তিন অংশ) মেরামত ও সংস্কার কাজ) কার্য এবং ভৌত সেবা চুক্তির শর্তাবলী অনুসারে সম্পাদন করার জন্য প্রস্তাব করছি।

আমার/ আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [ সংখ্যায়.............. এবং কথায়:..............................]

আমার/ আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লেখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/ আমরা এটা মানতে বাধ্য থাকব। আরএফকিউ এর বৈধ তার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় এটি গ্রহণ করা যেতে পারে।

আমি/ আমরা ঘোষনা করছি যে, আমার / আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা (Legal Capacity) রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দূর্নীতি, প্রতারনা চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। অধিকন্তু, আমি/ আমরা অনুচ্ছেদ-২৮ (ই)-তে বর্ণিত চুক্তির শর্তের বিষয়ে অবগত আছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কাজ সম্পাদন করার সময় এ ধরণের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/ নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ননামে একটির বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে চুক্তি স্বাক্ষরের জন্য আপনার লিখিত পত্র আমাদের উপর বাধ্যবাধকতা আরোপ করবে, যতক্ষণ পর্যন্ত আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষর না হয়।

আমি/আমরা ২২/০২/২০২৩ খ্রি. তারিখে আপনার জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমার/আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

সিলসহ কোটেশনদাতার

স্বাক্ষর

তারিখ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
সিলেট বিভাগ, সিলেট।
www.fisheries. Sylhetdiv.gov.bd

কাজের নাম: উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট-এর সীমানা প্রাচীর (তিন অংশ) মেরামত ও সংস্কার কাজের কোটেশন দলিল।

বর্ণিত কাজের জন্য কোটেশন আহবানের নিমিত্ত নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/ঠিকাদারের নামে ইস্যু করা হলো।

মেসার্স.......................

...........................

ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবী

মোঃ আনোয়ার হোসেন
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
সিলেট বিভাগ, সিলেট

তারিখঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য অধিদপ্তর
সিলেট বিভাগ, সিলেট।
www.fisheries. Sylhetdiv.gov.bd

**কোটেশন বিজ্ঞপ্তি**

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট-এর সীমানা প্রাচীর (তিন অংশ) মেরামত ও সংস্কার কাজের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র।

কোটেশন নম্বরঃ ৩৩.০২.০০০০.৩০৫.৫০.০০২.১৫-৭২ তারিখঃ ২২/০২/২০২৩ খ্রি.

প্রতি
মেসার্স..............................
..............................

১। উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্ত, সিলেট বিভাগ, সিলেট-এর অনুকূলে সরকারী তহবিল হতে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং (তিনি) গৃহীত কোটেশনের বিপরীতে সম্পাদিতব্য চুক্তির বাস্তবায়নে নির্ধারিত মূল্য পরিশোধে ব্যবহার করতে চান।

২। সকল কার্য দিবসে অফিস চলাকালে সম্ভাব্য কোটেশনদাতাগণ কর্তৃক পরিদর্শনের জন্য ক্রয়কারীর অফিসে অভীষ্ট কাজ এবং ভৌত সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা সহজলভ্য হবে।

৩। ইউনিট রেট দরের ভিত্তিতে কোটেশন আহবান করা হলো।

৪। কোটেশনে যাচিত তথ্যাদি যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষরিত হতে হবে এবং তা নিম্নের অনুচ্ছেদে উল্লেখিত তারিখে এবং কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৫। কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনে ( যদি কার্যাদেশ দেওয়া হয়) কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্যসম্পাদন জামানতের প্রয়োজন হবে না।

৬। সিলমোহরকৃত খাম বা ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে আগামী ০১ /০৩ /২০২৩ খ্রি. তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় বা এর পূর্বে কোটেশন উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এ দাখিল করতে হবে এবং ঐ দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় কোটেশন খোলা হবে। কোটেশন সম্বলিত খামে উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট এর সীমানা প্রাচীর (তিন অংশ) মেরামত ও সংস্কার কাজের
জন্য কোটেশন এবং ০১/ ০৩/২০২৩ খ্রি.তারিখ ১২:৩০ ঘটিকার আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। নির্ধারিত বা উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭। ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশন ক্রয়কারী সিলমোরকৃত ও খাম বন্ধ করবে এবং এভাবে প্রাপ্ত সকল কোটেশন উন্মুক্ত না করে দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে কোটেশন মূল্যায়নের জন্য মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।

৮। পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৭১ (৪) অনুসারে ১০ (দশ) দিনের নির্ধারিত সময়সীমা সাপেক্ষে গ্রহণযোগ্য। তবে যৌক্তিক কারণে ক্রয়কারী কোটেশন দাখিলের সময়সীমা কম বা যুক্তিসংগত করতে পারবেন।

৯। কার্য এবং ভৌত সেবার হিসাব সম্বলিত বিলের পরিমাণ বিওকিউ (BOQ) অনুযায়ী কোটেশন দাখিল করতে হবে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রকৌশলীদের সুপারিশের ভিত্তিতে সম্পাদিত কাজের বিল পরিশোধ করা হবে।

১০। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকবে।

১১। দাখিলের সর্বশেষ সময়সীমা উক্তীর্ণের তারিখে অথবা পরে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১২। যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশন দাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে। আলাদা ভাবে কোন চার্জ প্রদান করা হবে না।

১৩। উদ্ধৃত দর টাকায় হতে হবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন সময়ে স্থির অংকে বলবৎ থাকবে।

১৪। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ হালনাগাদ সকল দলিল পত্র ১ম

শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

(১) ট্রেডলাইসেন্স।

(২) টিআইএন (TIN) নম্বর/ ট্যাক্স পরিশোধের সনদপত্র (up to date)

(৩) ভ্যাট নিবন্ধন নম্বরসহ সনদপত্র এবং

(৪) কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ।

১৫। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য এবং দলিল পত্রের উপর ভিত্তি করে কোটেশন মূল্যায়ন করবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে তিনটি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৬। একক দর ভিত্তিতে কোটেশন দাখিলে, একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর বা মূল্য প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় লেখা মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক তৈরী গাণিতিক সংশোধন এর ক্ষেত্রে কোটেশনদাতা গাণিতিক শুদ্ধতা গ্রহণে বাধ্য থাকবে।

১৭। কার্য এবং ভৌত সেবার সম্পাদন শুরুর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সম্পূর্ণ করতে হবে।

১৮। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে চুক্তি স্বাক্ষর করার জন্য কৃতকার্য কোটেশনদাতাকে আমন্ত্রণপত্র জারি করতে হবে। আমন্ত্রণপত্র জারি হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে চুক্তি স্বাক্ষর করতে হবে।

১৯। নিম্ন বর্ণিত কারণে লিখিত আদেশের মাধ্যমে কর্তৃপক্ষ কার্যাদেশ সম্পূর্ণ বা আংশিক বাতিল করতে পারবেন

(১) যদি কোটেশনদাতা কার্যাদেশে বর্ণিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ কাজ স্পেসিফিকেশন মোতাবেক করতে ব্যর্থ হয়;

(২) আরএফকিউ এবং কার্যাদেশে বর্ণিত যে কোন/ অন্যান্য শর্তাবলী পূরণে ব্যর্থ হয়;

(৩) কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোটেশনদাতা কোনো কার্চুপি করে বা কার্চুপির আশ্রয় গ্রহণ করে;

(৪) কোটেশন দাতার কাজের ত্রুটি সংশোধনের নিমিত্ত যদি কোন পত্র দেন এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিজ ব্যয়ে সংশোধন না করেন।

২০। ঠিকাদার বা কোটেশন দাতার বিল থেকে ১০% (দশ শতাংশ) হারে নিরাপত্তা জামানতের অর্থ কর্তন করা হবে। বিল থেকে কর্তনকৃত জামানতের অর্থ ১২ (বার) মাস রক্ষণাবেক্ষণ সময় অতিবাহিত হওয়ার পর কাজের কোন ত্রুটি না থাকা শর্তে ফেরৎ প্রদান করা হবে।

২১। এই কোটেশন Public Procurement Act-২০০৬ and Public Procurement Bidhimala-২০০৮ (or up to date) অনুসরণে বাস্তবায়িত হবে এবং এ আইনের অধীনে সকল শর্ত, বিধি-বিধান কোটেশন দাতা মানতে বাধ্য থাকবে।

২২। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২২/২/২৩

( মোঃ আনোয়ার হোসেন)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
সিলেট বিভাগ, সিলেট।
ই-মেইল www.fisheries. Sylhetdiv.gov.bd

বিতরণ:

২২/০২/২৩

১। উপপরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।
২। উপপরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, সিলেট।
৩। সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট।
৫। মৎস্যচাষ প্রকৌশলী, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটির সভাপতি/সদস্য হিসেবে ১২:৩০ ঘটিকায় কোটেশন উন্মুক্তকরণ এবং মূল্যায়নের জন্য অনুরোধ করা হলো।

কোটেশন নম্বরঃ ৩৩.০২.০০০০.৩০৫.৫০.০০২.১৫-৭২

তারিখঃ ২২/০২/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট বিভাগ, সিলেট।
৫। নোটিশ বোর্ড এবং ওয়েব সাইট।

২২/২/২৩

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
সিলেট বিভাগ, সিলেট।